

## 175619 - নিজের শিশুর জন্য তিনি যে সাহায্য পান সেটা থেকে কি নিজে খরচ করতে পারবেন

### প্রশ্ন

পরিবারে কয়েকজন শিশু থাকলে অমুসলিম রাষ্ট্র ‘শিশুর প্রতিপালন’ নামে একটা অর্থ সাহায্য দিয়ে থাকে। যে কোন অবস্থায় এ অর্থটি নিতে হয়; কারণ তারা সন্তান জন্মদানকে পৃষ্ঠপোষকতা দিতে চায়। আমার প্রশ্ন হচ্ছে: ‘শিশুর প্রতিপালন’ নামে এ অর্থের মালিক কে? এ সাহায্য প্রাপ্তির জন্য বাবা কিংবা মা এর নাম কি ব্যবহার করা যাবে? এ ক্ষেত্রে কি কোন পার্থক্য আছে? এ বিষয়টি নিয়ে আমাদের মাঝে ঝগড়া হচ্ছে। আশা করি আপনারা জবাব দিবেন।

### প্রিয় উত্তর

মূলতঃ এ অর্থের মালিক ও বেশি হকদার হচ্ছে- শিশুর অভিভাবক, তার দায়িত্ব গ্রহণকারী, তার দেখাশুনা ও খরচাদির দায়িত্ব পালনকারী। আল্লাহ তাআলা বলেন: “আর সন্তানের অধিকারীর উপর সে সমস্ত নারীর ভরণ-পোষণের দায়িত্ব প্রচলিত নিয়ম অনুযায়ী।”। [সূরা বাকারা, আয়াত: ২৩৩]

অতএব, তিনিই এর বেশি হকদার; চাই এ সম্পদ বাবার নামে গৃহীত হোক কিংবা মায়ের নামে গৃহীত হোক।

তবে এ বিষয়ে সতর্ক থাকা প্রয়োজন যে, যদি এ সাহায্য শিশুর নামে তাকে মালিক বানিয়ে বণ্টন করা হয় তাহলে এটি তার হক; অন্য কারো নয়। সুতরাং শর্ত রক্ষা করে এর থেকে শিশুর যতটুকু প্রয়োজন ততটুকু খরচ করতে হবে; বাকীটুকু শিশুর জন্য সংরক্ষণ করতে হবে।

আর যদি এ সাহায্যের উদ্দেশ্য হয় শিশুর খরচ ও প্রতিপালন ব্যয় বহনে পরিবারকে সহযোগিতা করা, শিশু জন্মদানে উদ্বুদ্ধ করা এবং এ ক্ষেত্রে আর্থিক প্রতিবন্ধকতা দূর করা তাহলে এটি পরিবারের খরচবহনকারীর অধিকার। এ অর্থ থেকে তিনি পরিবারের জন্য খরচ করবেন।

আল্লাহই ভাল জানেন।